



ঘরে থাকি \* সামাজিক দূরত্ব বজায় রাখি \*  
করোনাভাইরাস সংক্রমণ রোধ করি \* জীবন বাঁচাই  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



নম্বর: ৩৭.০২.০০০০.১০২.৯৯.০০২.২০.১২

তারিখ: ১৪ বৈশাখ ১৪২৭  
২৭ এপ্রিল ২০২০

### অফিস আদেশ

নরসিংদী জেলার শিবপুর উপজেলার উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জনাব মাহমুদা আক্তার এর বদলিজনিত কারণে জেলা শিক্ষা অফিসার, নরসিংদী কে দায়িত্বভার অর্পণ করেন। জেলা শিক্ষা অফিসার, নরসিংদী গত ২০/০৪/২০২০ তারিখে সহকারী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শিবপুর, নরসিংদী জনাব মোঃ সিরাজুল ইসলাম এর নিকট দায়িত্ব অর্পণ করেন। এ পরিপ্রেক্ষিতে জনাব মোঃ সিরাজুল ইসলাম, সহকারী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শিবপুর, নরসিংদী কে গত ২০/০৪/২০২০ তারিখ হতে সাময়িকভাবে ভারপ্রাপ্ত উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শিবপুর নরসিংদী এর দায়িত্বসহ আয়ন ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব/ক্ষমতা নিম্নলিখিত শর্তসাপেক্ষে প্রদান করা হলো:

#### শর্তসমূহ:

- এই দায়িত্ব তাঁর নিজ দায়িত্বের অতিরিক্ত। পরবর্তীতে শূন্য পদে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার যোগদানের পর স্বয়ংক্রিয়ভাবে এই আদেশে প্রদত্ত ক্ষমতা বিলুপ্ত হবে;
- আনুষঙ্গিক ভাতা, সম্মানী বিল সমূহে স্বাক্ষর করার ক্ষমতা, ট্রেজারি ও সাব-ট্রেজারি আইনের এস.আর/৯৬ ভলিউম-১ অনুযায়ী প্রদান করা হলো;
- তিনি নিজের এবং অন্যান্য কর্মকর্তা-কর্মচারীর আয়ন-ব্যয়নকারী কর্মকর্তার দায়িত্ব পালন করবেন;
- প্রকাশ থাকে যে, দায়িত্বে থাকাকালীন সকল প্রকারের আর্থিক অনিয়মের জন্য তিনিই সর্বোত্তমভাবে দায়ী থাকবেন। তাঁকে আর্থিক লেনদেনের হিসাব-নিকাশ অবশ্যই নির্দিষ্ট রেজিস্ট্রারে সংরক্ষণ করতে হবে; এবং
- তিনি প্রচলিত বিধি মোতাবেক দায়িত্ব ভাতা পাবেন।

২৭-৪-২০২০

প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক  
মহাপরিচালক


নম্বর: ৩৭.০২.০০০০.১০২.৯৯.০০২.২০.১২/১(১০)

তারিখ: ১৪ বৈশাখ ১৪২৭  
২৭ এপ্রিল ২০২০

অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

- ১) পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ২) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা।
- ৩) পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।
- ৪) উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা।

- ৫) জেলা শিক্ষা অফিসার, নরসিংদী।  
৬) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শিবপুর, নরসিংদী।  
৭) উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা, শিবপুর, নরসিংদী।  
৮) জনাব মোঃ সিরাজুল ইসলাম, সহকারী উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শিবপুর, নরসিংদী, ।  
৯) পিএ টু মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর , মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর  
১০) সংরক্ষণ নথি। ,



২৭-৪-২০২০

মোঃ রুহুল মমিন

উপপরিচালক